উত্তরসহ প্রশ্নপত্র

# ‘খিলাফাতে রাশিদাহ কুইজ প্রতিযোগিতা’, ২০২৫

**সময়ঃ ১ ঘণ্টা ৩০ মিনিট** **B** **পূর্ণমানঃ ১০০**

**Name**..................................................... ........................... **Mobile** ............................

**Roll No**.................................................... **Date of Birth**...............................................

## নির্দেশিকা

1. প্রশ্নপত্রে মোট 100টি প্রশ্ন আছে। প্রশ্নের সংখ্যার হেরফের থাকলে সেটা প্রথমেই পরীক্ষককে জানিয়ে দিবেন।
2. প্রতিটি প্রশ্নের মান এক নম্বর (1), ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা হবে না।
3. প্রতিটি প্রশ্নে A, B, C, D চারটি বিকল্প রয়েছে। শুধুমাত্র সঠিক বিকল্পটিতেই টিক চিহ্ন দিবেন।
4. কোন পরীক্ষার্থী যদি একের অধিক বিকল্পে টিক চিহ্ন দেন, তাহলে তাঁর সেই উত্তরটি গ্রহণ করা হবে না। অথবা কোন বিকল্পে (অপশনে) টিক দেওয়ার পরে সেটি কেটে যদি আরেকটি বিকল্পে টিক চিহ্ন দেওয়া হয়, তাহলে সেক্ষেত্রেও সেটি বাতিল হিসেবে গণ্য করা হবে। সুতরাং উত্তর করার সময় সতর্কতা অবলম্বন করবেন।
5. পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ছেড়ে বাইরে যেতে দেওয়া হবে না।
6. পরীক্ষা হলে পারস্পরিক আলোচনা করা কঠোরভাবে নিষিদ্ধ।

| Candidate’s Signature | | Invigilator’s Signature | |
|---|---|---|---|


ইসলামিক ইয়ুথ ফেডারেশন- পশ্চিমবঙ্গ

অফিস– ৩বি ক্রিসেন্ট অ্যাপার্টমেন্ট, ৩য় তল, হাতিয়াড়া, কোলকাতা– ৭০০১৫৭, যোগাযোগ–৮২৫০৫৫৮৮৩৩

**1. "মুকাদ্দামা" গ্রন্থটির রচয়িতা হলেন -**

A) ইমাম ইবনে কাইয়ুম

B) জালালউদ্দিন সয়ূতী (রহ:)

C) হাফেজ ইবনে হাজার

**D) আল্লামা ইবনে খালদুন (সঠিক উত্তর)**

**2. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকালের পরে প্রথম খলিফা নির্বাচনের সময় আবু বকর (রা:) আনহু উপস্থিত জনতার সামনে যে দুইজন ব্যক্তির নাম প্রস্তাব করেছিলেন তারা হলেন-**

**A) হযরত ওমর ও হযরত আবু উবাইদা বিন জাররা (রা:)। (সঠিক উত্তর)**

B) হযরত ওমর ও উসমান (রা:)।

C) হযরত আবু উবাইদা বিন জাররাহ ও উসমান (রা:)।

D) হযরত ওসমান ও হযরত আলী (রা:)।

**3. হযরত আলী (রাঃ) কত বছর খেলাফতে অধিষ্ঠিত ছিলেন?**

A) ৪ বছর ৪ মাস

B) ৪ বছর ২ মাস

C) ৪ বছর ৬ মাস

**D) ৪ বছর ৯ মাস (সঠিক উত্তর)**

**4. আবু লুলু নামক কাফেরের ছুরির ছয়টি আঘাতে বিখ্যাত কোন সাহাবী শহীদ হয়েছিলেন -**

A) হযরত ওমর ইবনুল আজিজ

B) হযরত ওসমান (রা:)

C) হযরত আলী ইবনে আবু তালিব (রা:)

**D) উমর ইবনে খাত্তাব (রা:) (সঠিক উত্তর)**

**5. নবী (সা:) এর  ইন্তেকালের পর সংগঠিত মুতা যুদ্ধে প্রধান হিসেবে কোন সাহাবী দায়ীত্ব পালন করেছিলেন-**

A) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ)

B) আব্দল্লাহ ইবনে মাসউদ (রাঃ

C) আব্দুল্লাহ ইবনে আবু বকর (রাঃ),

**D) উসামা ইবনে যায়েদ (রাঃ) (সঠিক উত্তর)**

**6. হুদাইবিয়ার সন্ধি প্রসঙ্গে এটি কার উক্তি: '' আমরা যখন বাস্তিবকই সত্যের উপর প্রতিষ্ঠিত তখন বাতিলের সহিত এত নম্র ও নত হইয়া সন্ধি করার প্রয়োজন কি?''**

**A) হযরত উমার (রা:) (সঠিক উত্তর)**

B) আবু উবাইদা ইবনুল জাররাহ্ (রা:)

C) খালিদ বিন ওয়ালিদ (রা:)

D) হযরত দেরার (রা:)

**7. হযরত উমর (রা.) যখন বাইতুল মাকদিস অভিমুখে যান তখন কোন সাহাবীকে তার স্থালাভীষিক্ত করেন?**

**A) হযরত আলী (রা:) (সঠিক উত্তর)**

B) হযরত হুযাইফা ইবনে ইয়ামান (রা:)

C) হযরত আব্দুল্লাহ ইবনে জুবাইর (রা:)

D) হযরত উসমান (রা:)

**8. হিজরত কালে আবু বক্কর রাযিআল্লাহু আনহু ও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গুহায় বিশ্রাম কালে নিম্নে লিখিত ঘটনা গুলি ঘটে -**

**ক) আবু বকরের পায়ে সাপের দংশন।**

**খ) গুহার অসংখ্য ছিদ্রপথ বন্ধ করে দেওয়া হয়।**

**গ) আবু বকরের চোখ থেকে অশ্রু বিগলিত হয়ে রাসুলের গন্ডদেশে পতিত হওয়া।**

**ঘ) আবু বকরের জানুর উপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাথা রেখে বিশ্রাম।**

**ঘটনার সঠিক ক্রম কোনটি?**

A) গ- ঘ - ক - খ

B) খ - ঘ - গ - ক

**C) খ - ঘ - ক - গ (সঠিক উত্তর)**

D) ঘ - খ - ক - গ

**9. বিখ্যাত হুনাইন এর যুদ্ধ কত হিজরিতে সংঘটিত হয়?**

A) পঞ্চম হিজরী সনে

B) ষষ্ঠ হিজরী সনে

C) সপ্তম হিজরী সনে

**D) অষ্টম হিজরী সনে (সঠিক উত্তর)**

**10. প্রকৃতপক্ষে মদিনায় ইসলামী রাষ্ট্রের ভিত্তি স্থাপিত হয়েছিল**

A) মুহাজিরদের প্রতি আনসার সাহাবীগনের নজিরবিহীন সাহায্যের মাধ্যমে

B) বাইয়াতের রিদ্বওয়ান এর মাধ্যমে

C) বদর যুদ্ধে মুসলিমদের বিজয়ের মাধ্যমে

**D) বাইয়াতে আকাবার মাধ্যমে (সঠিক উত্তর)**

**11. 'হুদাইবিয়ার' সন্ধি স্বাক্ষরিত হয়েছিল-**

A) ৫ বছরের জন্য

B) ৭ বছরের জন্য

**C) ১০ বছরের জন্য (সঠিক উত্তর)**

D) ১২ বছরের জন্য

**12. বিজিত এলাকার জমি বিজয়ীদের মধ্যে বন্টন না করে পুরাতন মালিককে তা ফিরিয়ে দিয়ে খারাজ আদায়ের অভুতপূর্ণ নীতি পরিবর্তন করেন-**

A) হযরত আবু বাকর (রা:)

**B) ওমর ফারুক (রা:) (সঠিক উত্তর)**

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রা:)

**13. ইকরিমা (রাঃ) কোন যুদ্ধে শহীদ হন?**

A) তাবুক যুদ্ধে

**B) ইয়ারমুক যুদ্ধে (সঠিক উত্তর)**

C) ফিরোজ যুদ্ধে

D) কোনোটিই নয়

**14. মক্কা বিজয়ের পর মহানবী (সাঃ) স্ত্রীলোকদের বাইয়াত গ্রহনের জন্য কাকে নিযুক্ত করেন?**

A) আয়িশা (রাঃ)

**B) উমার ফারুক (রাঃ) (সঠিক উত্তর)**

C) আবু বকর (রাঃ)

D) ফাতিমা (রাঃ)

**15. হযরত উসমান (রা:) এর শাহাদাৎ এর পর নতুন খলীফা নির্বাচিত হওয়ার মাঝে খলীফার পদ শূন্য থাকে-**

A) পাঁচ দিন

B) সাত দিন

**C) তিন দিন (সঠিক উত্তর)**

D) ছয় দিন

**16. হযরত উসমান (রা.)-কে কুরআন গ্রন্থাকারে সংরক্ষন করার পরামর্শ দেন -**

A) হযরত আলী (রা:)

**B) হযরত হুযাইফা ইবনে ইয়ামান (রা:) (সঠিক উত্তর)**

C) হযরত আব্দুল্লাহ ইবনে জুবাইর (রা:)

D) হযরত সায়াদ ইবনুল আস (রা:)

**17. 'যুন নিতাকায়ন' বা দু কোমর বন্ধনীওয়ালী' খেতাবটি কার?**

A) হযরত ফাতিমা (রা:)

B) হযরত খাদিজা (রাঃ)

C) হযরত আয়েশা (রা:)

**D) হযরত আসমা (রা:) (সঠিক উত্তর)**

**18. তিফলিস ও জীবালুল্লান (বর্তমানে রাশিয়ার অন্তর্গত) কত হিজরীতে ইসলামী সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়েছিল?**

A) ২০ হিজরী

**B) ২১ হিজরী (সঠিক উত্তর)**

C) ২২ হিজরী

D) ২৩ হিজরী

**19. উমার (রাঃ) -এর খিলাফতকালে জর্ডনের রাজধানী ছিল-**

A) হিমস

**B) তিবরিয়া (সঠিক উত্তর)**

C) কিন্নাসরীন

D) মারজোরাম

**20. হযরত ওমর (রা:) বসরায় পানি সরবরাহের জন্য দজলা নদী হতে যে খাল খনন করেন তার দৈর্ঘ্য কত মাইল ছিল?**

**A) নয় মাইল (সঠিক উত্তর)**

B) দশ মাইল

C) বারো মাইল

D) পনেরো মাইল

**21. আমীরুল মুমিনীন উমার ফারুক (রাঃ) – এর উপস্থিতিতে বায়তুল মুকাদদাস বিজয়ের সন্ধিপত্রে ইলিয়াসবাসী বলতে বোঝানো হয়েছে -**

A) রোমের অধিবাসদের

**B) কুদসবসীদের (সঠিক উত্তর)**

C) A & B উভই ঠিক

D) কোনটিই নয় ।

**22. নিম্নলিখিত কোন খলিফার শাসনামলে ইসলামী রাষ্ট্রের রাজধানী মদিনা ছিল না?**

A) হযরত আবু বকর সিদ্দিক (রা)

B) হযরত ওমর (রা)

C) হযরত ওসমান (রা)

**D) হযরত আলী (রা) (সঠিক উত্তর)**

**23. ২৩ হিজরীতে হযরত উমর (রাঃ) ইন্তেকালের সময় তাঁর পক্ষ থেকে হিমসের প্রশাসক কে ছিলেন?**

A) মুগীরা ইবনে শুবা

**B) উমায়র ইবনে সাদ (সঠিক উত্তর)**

C) মুআবিয়া ইবনে আবু সুফিয়ান

D) আবু মুসা আশআরী

**24. 'হজ্জে, আবু বকর' (রা:) অনুষ্ঠিত হয়েছিল-**

**A) হিজরী ৯ম সনে (সঠিক উত্তর)**

B) হিজরী ১০ম সনে

C) হিজরী ৮ম সনে

D) নবী (সা:) এর ইন্তেকালের পরে

**25. আলী (রাঃ) ও মুয়াবিয়া (রাঃ)- এর মধ্যে সংগঠিত সিফফিনের যুদ্ধে কোন মুনাফিকের চক্রান্তে বার বার সন্ধি প্রস্তাব বাধাগ্রস্ত হয় -**

A) আব্দুল্লাহ ইবনে উবাই

**B) শীষ ইবনে রিবইয় (সঠিক উত্তর)**

C) আব্দুল্লাহ ইবনে সাবাই

D) উপরে সবগুলোই ঠিক

**26. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকাল করেছেন কিন্তু দাফন কাফন এখনো সম্পূর্ণ হয়নি। পরবর্তী আমির কে হবে এই নিয়ে আনসার এবং মুহাজিরদের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। যে স্থানে ঘটনাটি ঘটে তার নাম-**

A) সাকীফায়ে বনী হামিদা

**B) সাকীফায়ে বনী সায়েদা (সঠিক উত্তর)**

C) সাকীফায়ে বনী আসিফা

D) সাকীফায়ে বনী হালিমা

**27. স্বপরিবারে হিজরতকারী প্রথম ব্যক্তি -**

A) হযরত আবু বকর সিদ্দিক রাদিয়াল্লাহু আনহু

B) হযরত উমার ফারুক রাদিয়াল্লাহু আনহু।

**C) হযরত ওসমান রাদিয়াল্লাহু আনহু (সঠিক উত্তর)**

D) হযরত আলী রাদিয়াল্লাহু আনহু।

**28. একজন সাহাবী ছাড়া হুদাইবিয়ার সন্ধির শর্ত সমূহ কোনো সাহাবী নির্দ্বিধায় গ্রহণ করতে প্রস্তুত ছিলেন না। তিনি কে?**

**A) হযরত আবু বকর সিদ্দিক রাদিয়াল্লাহু আনহু (সঠিক উত্তর)**

B) হযরত উমার ফারুক রাদিয়াল্লাহু আনহু।

C) হযরত ওসমান রাদিয়াল্লাহু আনহু

D) হযরত আলী রাদিয়াল্লাহু আনহু।

**29. কোন খলিফার আমলে ইরাকের কুফা শহর এবং বসরা শহর প্রতিষ্ঠা করা হয়?**

A) হযরত আবু বকর সিদ্দিক (রা:)।

**B) হযরত উমার ফারুক (রা:)। (সঠিক উত্তর)**

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রা:)

**30. 'জিযিয়া' কাদের উপর ধার্য হত?**

A) সকল অমুসলিমদের উপর।

**B) শুধু সক্ষম অমুসলিম পুরুষের উপর। (সঠিক উত্তর)**

C) A & B উভই ঠিক

D) উপরের কোনটিই নয়।

**31. কোন খলিফার শাসনামলে সৈন্য বিভাগ সুষ্ঠ ও সুসংবদ্ধভাবে গঠিত হয় এবং প্রতিটি সৈনিকের নাম রেজিস্ট্রিভুক্ত হয়?**

A) হযরত আবু বকর সিদ্দিক (রা:)

**B) হযরত ওমর ফারুক (রা:) (সঠিক উত্তর)**

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রা:)

**32. তুলায়হা কোন গোত্রের ব্যক্তি ছিলেন যিনি নিজ কওমের মধ্যে নবুওয়াতের মিথ্যা দাবী করে বসেন?**

**A) বনু আসাদ (সঠিক উত্তর)**

B) বনু তাই

C) বহু জাদীলা

D) বনু গাতফান

**33. মসজিদে নববীর চারদিকে যে সকল সাহাবীর ঘর ছিল, তারা মসজিদে আসবার সুবিধার্থে মসজিদের দিকে দরজা রেখেছিলেন। যে সকল দরজা দিয়ে তারা মসজিদে উপস্থিত হতেন। মৃত্যুর নিকটকালে তিনি (সা:) আদেশ করলেন সে সকল দরজা বন্ধ করে দেওয়া হোক, শুধু একজন সাহাবার দরজা খোলা রাখতে বললেন - উক্ত সাহাবীটি কে?**

**A) হযরত আবু বকর সিদ্দিক (রা:) (সঠিক উত্তর)**

B) হযরত উমার ফারুক (রা:)

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রাঃ)

**34. হযরত আবু বকর সিদ্দিক (রা:) এর খেলাফতকালে প্রদেশ ও আমীরদের ক্রম নিচে দেওয়া হল। কোন ক্রমটি ভ্রান্তিযুক্ত তা নিরূপণ করুন।**

A) মু'আস ইবনে জাবাল -জুনদ

**B) আত্তাব ইবনে উসায়দ- মক্কা (সঠিক উত্তর)**

C) জারীর ইবনে আব্দুল্লাহ বাজালী- নাজরান

D) মুহাজির ইবনে আবী উমায়্যা- সানআ

**35. হযরত উসমান (রা.)-এর খিলাফতকালে কোন অঞ্চলে বিদ্রোহ সংঘটিত হয় যা খারাজ প্রদানের বিরোধিতায় উদ্ভূত, দৃঢ়তা ও নমনীয়তার নীতিতে দমন করা হয়?**

A) সিরিয়া

B) মিশর

C) আর্মেনিয়া

**D) খুরাসান (সঠিক উত্তর)**

**36. তৎকালীন মদিনায় অবস্থিত একমাত্র পানযোগ্য পানির 'রুমা' নামক কূপটি একজন সাহাবী মুসলিমদের জন্য ক্রয় করেছিলেন -**

A) ২০ হাজার দিনার দিয়ে

**B) ২০ হাজার দিরহাম দিয়ে (সঠিক উত্তর)**

C) ২৫ হাজার দিরহাম দিয়ে

D) ২৫ হাজার দিনার দিয়ে

**37. কিসরা ও কায়সার হল-**

A) দেশের নাম

B) ব্যক্তির নাম

**C) বাদশার উপাধি। (সঠিক উত্তর)**

D) সবগুলোই ঠিক।

**38. আরবী শব্দ 'ফুসতাত" এর অর্থ -**

A) মসজিদ

**B) তাঁবু (সঠিক উত্তর)**

C) দুর্গ

D) ঘোড়া

**39. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে বছর মক্কা বিজয় করেন সে বছর নিম্নের কোন যুদ্ধটি সংঘটিত হয়?**

A) তাবুক যুদ্ধ

**B) হুনাইনের যুদ্ধ (সঠিক উত্তর)**

C) ইয়ামামার যুদ্ধ

D) ইয়ারমুকের যুদ্ধ

**40. হযরত উমার (রা.)-এর সময় ইসলামী সাম্রাজ্য বিস্তৃত হয়**

A) পারস্য ও রোমান সাম্রাজ্যের কিছু অংশ

B) পারস্য ও মিশর সাম্রাজ্যের কিছু অংশ

C) রোমান ও মিশর সাম্রাজ্যের কিছু অংশ

**D) পারস্য, রোমান সাম্রাজ্যের কিছু অংশ এবং মিশর পর্যন্ত (সঠিক উত্তর)**

**41. মুসলিম জাহানের দ্বিতীয় খলিফা উমার ইবনুল খাত্তাব (রা:) আমল প্রসঙ্গে তিনটি মন্তব্য করা হয়েছে -**

**মন্তব্য 1: জেলা সমূহে রীতিমতো আদালত ও ফৌজদারি কোর্ট স্থাপিত হয়।**

**মন্তব্য 2: তাঁর শাসনামলের শেষ দিকে প্রথম বায়তুল মাল প্রতিষ্ঠা করা হয়।**

**মন্তব্য 3: শান্তি ও নিরাপত্তা বিধানের জন্য পুলিশ বিভাগ স্থাপন করেন।**

A) কেবলমাত্র মন্তব্য 2 ও মন্তব্য 3 সঠিক।

B) কেবলমাত্র মন্তব্য 1 ও মন্তব্য 2 সঠিক।

**C) কেবলমাত্র মন্তব্য 1 ও মন্তব্য 3 সঠিক। (সঠিক উত্তর)**

D) তিনটি মন্তব্যই সঠিক।

**42. কোন খলিফার আমলে প্রথম 'আমিরুল উমারা' বা 'কমান্ডার ইন চিফ' নিয়োগের প্রথা প্রথম সূচিত হয়েছিল?**

**A) হযরত আবু বকর সিদ্দিক (রা:) (সঠিক উত্তর)**

B) হযরত ওমর (রা:)

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রা:)

**43. আমরা রাসূল (সা:) এর নিকট এই মর্মে বাইয়াত করেছি যে, "আমাদের উৎসাহ, অনুৎসাহ, সংকট, স্বচ্ছলতা ও পরাজয়ের সময় সর্বাবস্থায় আমরা ইমামের আনুগত্য করব, প্রশাসনিক বিষয়ে আমরা প্রশাসকদের সাথে বিবাদ করব না"- উক্তিটি কার?**

A) আবু বাকর সিদ্দীক (রা:)

B) উমার ফারুক (রা:)

**C) উবাদা ইবনে সামিত (রা)। (সঠিক উত্তর)**

D) জাবের ইবনে সামুরা (রা:)

**44. মিশর ও শামের হেফাজতের জন্য গুরুত্বপূর্ণ স্থান সাইপ্রাস দ্বীপ কত হিজরীতে মুসলমানদের আয়ত্তে আসে?**

A) ২৬ হিজরী

B) ২৭ হিজরী

**C) ২৮ হিজরী (সঠিক উত্তর)**

D) ২৯ হিজরী

**45. আবু বকর (রা:) এর খিলাফত আমলে দুই প্রকারের রাজস্ব আদায় করা হত। যথা - স্থায়ী এবং অস্থায়ী।**

**ক) স্থায়ী রাজস্বের মধ্যে উল্লেখযোগ্য থাকত যাকাত, উশর ও জিজিয়া।**

**খ) অস্থায়ী রাজস্বের মধ্যে থাকতো গনিমতের মাল।**

A) ক নির্ভুল কিন্তু খ ভুল।

B) খ নির্ভুল কিন্তু ক ভুল।

**C) ক ও খ উভয়ই নির্ভুল। (সঠিক উত্তর)**

D) ক ও খ উভয়েই ভুল।

**46. 'সাকাহ' পরিভাষাটি সম্পর্কিত ছিল**

A) রাজস্ব ব্যবস্থার সাথে

**B) রণকৌশলের সাথে (সঠিক উত্তর)**

C) খলিফাহ নির্বাচন পদ্ধতির সাথে

D) গনিমতের মাল বন্টন পদ্ধতির সাথে

**47. কোন খলিফার আমলে মুসলিম বাহিনী সর্বপ্রথম সামুদ্রিক অভিযান পরিচালনা করেন -**

**A) হযরত উসমান (রা:) (সঠিক উত্তর)**

B) হযরত উমর (রা:)

C) হযরত আলী (রা:)

D) হযরত আবু বকর (রা;)

**48. 'হে সম্রাট মুসলমানরা দিনে অশ্বারোহী, আর রাতে জাগ্রত উপাসনাকারি"- এ কথা জনৈক রোমান ব্যক্তি কায়সার হিরাক্লিয়াসকে বলেছিলেন, তখন তিনি কোথায় আবস্থান করছিলেন?**

A) কায়রো

B) তেহরানে

**C) কুসতুনতুনিয়ায় (সঠিক উত্তর)**

D) বাগদাদে

**49. একদিন উমর ফারুক (রা:) আমাদের প্রিয়নবী হযরত মুহম্মদ (সাঃ) কে শহীদ করবার ইচ্ছায় ঘর থেকে বের হলেন। রাস্তায় এক ব্যক্তির সাথে সাক্ষাৎ হলো। তিনি তাঁর হাবভাব দেখে জিজ্ঞেস করলেন, উমর ভালো তো, কোথায় যাও? হযরত উমর (রাঃ) কি জবাব দিলেন?**

A) মুহাম্মদ (সাঃ) কে শহীদ করতে।

B) মুহাম্মদ (সা:) কে দুনিয়া থেকে বিদায় করতে।

**C) মুহাম্মাদ (সা:) কে ফয়সালা করার জন্য যাচ্ছি। (সঠিক উত্তর)**

D) নতুন দ্বীনের দফারফা করার জন্য যাচ্ছি।

**50. আমিরুল মুমিনীন উমর ফারুক (রা:) কুফা নগরীর প্রথম আমীর তথা গভর্নর নিযুক্ত করেন কাকে?**

A) আবু মুশা আশআরী (রাঃ) -কে

B) উতবা ইবনে গাজওয়ান (রাঃ) -কে

C) নুমান ইবনে মুকাররীন (রা) -কে

**D) সাদ ইবনে আবী ওয়াক্কাস (রাঃ) -কে (সঠিক উত্তর)**

**51. ১৩ হিজরীতে হযরত আবূ বকর সিদ্দীক (রাঃ) শামীয় ও রোমানদের পক্ষের আশঙ্কা নির্মূল করবার জন্য শাম ও ফিলিস্তীনের দিকে একটি সেনাদল পাঠান। কোন সাহাবীকে কোন দিকে পাঠিয়েছিলেন তা নিম্নে দেওয়া ছক থেকে সঠিক উত্তরটি নির্বাচন করুন -**

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| I) আবু উবাইদা ইবনুল জাররাহ (রা:) | a) হিমস |
| II) শুরাহবীল ইবনে হাসানা (রা:) | b) ফিলিস্তিন |
| III) আমর ইবনুল আস (রা:) | c) দামেশক |
| IV) ইয়াযীদ ইবনে আবু সুফিয়ান (রা:) | d) জর্ডান |

**A) I - a ; II - d ; III - b ; IV - c (সঠিক উত্তর)**

B) I - b ; II - d ; III - c ; IV - d

C) I - c ; II - a ; III - d ; IV - b

D) I - c ; II - d ; III - a ; IV – b

**52. হযরত আবূ যার (রাঃ) এ মত প্রচার করতে লাগলেন যে, ধনীদের প্রয়োজনাতিরিক্ত সম্পদ জমিয়ে রাখার অধিকার নেই। দলীল হিসেবে তিনি কোন আয়াত পেশ করতেন:**

**A) সূরা তাওবার ৩৫ নং আয়াত (সঠিক উত্তর)**

B) সুরা নিসার ৫৮ নং আয়াত

C) সুরা হুমাযাহ ১-৪ নং আয়াত

D) সুরা বাকারাহ ২৬৪ নং আয়াত

**53. হযরত আবু বকর (রা.)-এর খিলাফতকালে, তার মৃত্যুর পর কত দিরহাম বাইতুল মাল পাওয়া যায়, যা তাঁর সাধারণ জীবনযাপনের ইঙ্গিত দেয়?**

A) ২০ দিরহাম

B) ১০ দিরহাম

C) ০৫ দিরহাম

**D) ০১ দিরহাম (সঠিক উত্তর)**

**54. হযরত ওসমান (রা:) বদর যুদ্ধে কেন স্বশরীরে অংশগ্রহণ করতে পারেননি?**

A) তিনার মা অসুস্থ ছিলেন

B) তিনি নিজে অসুস্থ ছিলেন

C) তিনার স্ত্রী উম্মে কুলসুম (রা:) অসুস্থ ছিলেন

**D) তিনার স্ত্রী রুকাইয়া (রা:) অসুস্থ ছিলেন (সঠিক উত্তর)**

**55. কোন সাহাবীর মর্যাদা সম্পর্কে রাসূলুল্লাহ (সা:) বলেছেন প্রত্যেক নবীর বন্ধু থাকে, আর জান্নাতে আমার বন্ধু হবেন ?**

A) হযরত হাসান(রা:)

B) আবু বাকর(রা:)

C) হুসাইন (রা:)

**D) উপরের কোনোটিই নয় (সঠিক উত্তর)**

**56. সাবাঈ দলের বিশৃঙ্খলা সৃষ্টি প্রতিহত করার জন্য হযরত ওসমান গনি (রা:) যে গুরুত্বপূর্ণ মজলিসে শূরা অনুষ্ঠান করেছিলেন, তাতে প্রায় সর্বসম্মতি রায় ছিল, ফেতনা সৃষ্টিকারীদের সাথে কঠোর আচরণ করা হোক। এই মজলিসে শূরা অনুষ্ঠিত হয় কত হিজরীতে ?**

A) ৩৩ হিজরীতে

**B) ৩৪ হিজরীতে (সঠিক উত্তর)**

C) ৩৫ হিজরীতে

D) ৩৬ হিজরীতে

**57. মুসলমানদের খলিফা নিযুক্ত করা আবশ্যক-যাতে করে উম্মাতের শৃঙ্খলা, ঐক্য ও সংহতি বজায় থাকে এবং তারা মতবিচ্ছিন্নতা ও কর্মবিক্ষিপ্ততার শিকার হয়ে দুনিয়ার বুক থেকে ভুল অক্ষররের মতো মুছে না যায় এটি আসসিয়াসাতুশ শরইয়্যা গ্রন্থে বলো হয়েছে- এটির লেখক হলেন-**

A) ইবনে খালদুন

B) ইমাম গাজ্জালী

C) ইমাম ইবনে তাইমিয়া

**D) আব্দুল ওয়াহহাব খাললাফ। (সঠিক উত্তর)**

**58. খিলাফাতে রাশেদায় জনগণের কি ধরনের অধিকার ছিল?**

A) শুধু ভোট দেওয়ার

**B) শাসকের সমালোচনা করার (সঠিক উত্তর)**

C) শুধু কর দেওয়া

D) শাসকের অন্ধানুগত্য

**59. হযরত উমার ফারুক (রাঃ) এর নির্দেশে কুফার নকশা প্রস্তুত করেন কে?**

A) সাদ ইবনে আবি ওয়াক্কাস (রা:)

B) আলা ইবনুল হাযরামী (রাঃ)

C) উতবা ইবনে গাজওয়ান

**D) আবুল হায়াজ ইবনে মালিক (সঠিক উত্তর)**

**60. নবী কারীম (সা:) এর মদিনা আগমনের প্রাক্কালে মদিনা বাসীদের একটা বিরাট অংশ নিম্নে লিখিত এক বিশেষ ব্যক্তিকে নিজেদের বাদশা এবং শাসক হিসেবে নিযুক্ত করার সিদ্ধান্ত নিয়েছিল। ব্যক্তিটি হলেন -**

A) আব্দুল্লাহ ইবনে সালাম

**B) আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সুলুল (সঠিক উত্তর)**

C) কা'ব ইবনুল আশরাফ।

D) উপরে উল্লেখিত কেউ নন।

**61. দামেশক বিজয়ের ক্ষেত্রে মুসলিমদের মধ্যে কোন কমান্ডার এমন ছিলেন যিনি রাতে খুব কম ঘুমাতেন এবং দুশমনদের সংবাদ পুরোপুরি রাখার চেষ্টা করতেন?**

**A) খালেদ ইবনে অলীদ (রাঃ) (সঠিক উত্তর)**

B) আবু উবায়দা (রাঃ)

C) আমর ইবনে আস (রা:)

D) ইয়াজীদ ইবনে আবু সুফিয়ান (রা:)

**62. ‘ক’ স্তম্ভ ও ‘খ’ স্তম্ভের মেলবন্ধন ঘটিয়ে সঠিক উত্তরটি নির্বাচন করুন-**

| ‘ক’ স্তম্ভ | ‘খ’ স্তম্ভ |
|---|---|
| I) ইসলামী মুদ্রা প্রস্তুতকরণ | a) ১৫ হিজরি |
| II) সৈন্যদের স্বতন্ত্র দপ্তর চালু | b) ১৪ হিজরি |
| III) দামেশক বিজয় | c) ১৮ হিজরি |
| IV) উল্লায়াস যুদ্ধ | d) ১২ হিজরি |

A) I - b ; II - c ; III - d ; IV - a

**B) I - c ; II - a ; III - b ; IV - d (সঠিক উত্তর)**

C) I - a ; II - b ; III - c ; IV - d

D) I - a ; II - c ; III - d ; IV - b

**63. ইলমে নাহু আবিষ্কার করেন কে ?**

**A) হজরত আলী (রাঃ) (সঠিক উত্তর)**

B) আমর ইবনুল আস (রাঃ)

C) ইয়াজিদ

D) উসমান (রাঃ)

**64. মৃত্যুশয্যায় শায়িত অবস্থায় উমার ফারুক (রা:) পরবর্তী খলিফা নির্বাচনের জন্য ছয় সদস্যের বোর্ড গঠন করে যান। কার প্রস্তাবক্রমে হযরত ওসমান রাদিয়াল্লাহু আনহু কে খলিফা হিসাবে নির্বাচন করা হয় -**

A) হযরত তালহা (রা:)।

B) হযরত জুবাইর (রা:)।

C) হযরত আলী ইবিনে আবি তালিব (রা:)।

**D) আব্দুর রহমান ইবনে আউফ (রা:)। (সঠিক উত্তর)**

**65. জাতীয় ও সামগ্রিক প্রয়োজন ব্যতীতই বিপুল পরিমাণ অর্থ ব্যয় করার অপরাধে হযরত ওমর (রা:) নিম্নের কোন সাহাবীকে পদচ্যুত করার ফরমান প্রেরণ করেন ?**

A) কাকা ইবনে আমার (রা:)

B) আবু উবাইদা ইবনুল জাররাহ্ (রা:)

**C) খালিদ বিন ওয়ালিদ (রা:) (সঠিক উত্তর)**

D) হযরত দেরার (রা:)

**66. হযরত খালেদ ইবনে ওয়ালীদ (রাঃ) কে আদেশ করা হল যে, তিনি যেন ইরাক অভিযান ছেড়ে শাম রওয়ানা হয়ে যান। তিনি এই সময় কাকে নিজের স্থলবর্তী নিযুক্ত করেন এবং কত সৈন্য নিয়ে দ্রুততার সাথে ইয়ারমুকের উদ্দেশ্যে রওয়ানা হন?**

A) যায়েদ ইবনে হারিছা (রাঃ), দশ হাজার সৈন্য

B) কা'কা ইবনে আমর (রাঃ), ছত্রিশ হাজার সৈন্য

C) মাজউর ইবনে আদি (রাঃ), ছত্রিশ হাজার সৈন্য

**D) মুছান্না ইবনে হারিছা (রাঃ), দশ হাজার সৈন্য (সঠিক উত্তর)**

**67. এবং আমি যবুরের নসিহতের পর লিখে দিয়েছি যে, পৃথিবীর উত্তরাধিকারী লাভ করবে আমার সৎকর্মশীল বান্দাগণ - এটি কুরআনের কোন সূরার কত নম্বর আয়াত?**

A) সুরা আনআম ১৬৫

B) সুরা আরাফ ৬৫

C) সুরা সোয়াদ ২৬

**D) সুরা আম্বিয়া ১০৫ (সঠিক উত্তর)**

**68. কোন খলিফা প্রথম আদমশুমারি গ্রহণ করেন ?**

A) হযরত আবু বকর সিদ্দিক (রা:)

**B) হযরত উমার ফারুক (রা:) (সঠিক উত্তর)**

C) হযরত ওসমান (রা:)

D) হযরত আলী (রা:)

**69. হযরত সা'দ ইবনে আবী ওয়াক্কাস (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ) এর সম্পর্কে কি হতেন?**

A) চাচা

B) খালু

**C) মামা (সঠিক উত্তর)**

D) ফুফা

**70. মহানবী (সাঃ) এর জীবনের সর্বশেষ যুদ্ধ কোনটি?**

A) হুনাইনের যুদ্ধ

B) মুতার যুদ্ধ

C) খন্দকের যুদ্ধ

**D) উপরের কোনটিই নয় (সঠিক উত্তর)**

**71. ঐতিহাসিক মদিনা সনদ প্রধানত দুইটি অংশে বিভক্ত, প্রথম অংশে ধারা সংখ্যা কত ছিল-**

A) ১৩টি

**B) ২৩টি (সঠিক উত্তর)**

C) ২৭টি

D) ৩৩টি

**72. হযরত আলী (রাঃ) এর খলিফা নির্বাচনের সময় তালহা (রাঃ) এবং জুবায়র (রাঃ) বাইয়াত গ্রহণ করতে অস্বীকার করলে কে তলোয়ার উঁচু করে হুমকি দিলে তারা বায়আত করেন ?**

A) গাফেকি

B) আব্দুল্লাহ ইবনে সাবা

**C) মালিক আসতার (সঠিক উত্তর)**

D) মুহাম্মদ ইবনে আবু বকর

**73. 'বাহার' ছিল একটি**

A) রেশমি পোশাক

**B) গালিচা (সঠিক উত্তর)**

C) স্বর্ণের তৈরী মূর্তি

D) কোনোটিই নয়।

**74. একজন কুৎসিত হাবশী গোলামকেও যদি তোমাদের শাসক নিযুক্ত করা হয়, তাহলেও তোমরা তার কথা শুনবে ও তাকে অনুসরণ করবে - এই বিখ্যাত উক্তিটি কার**

A) আবু বকর (রা:)

B) উমার ফারুক (রাঃ)

C) খালিদ বিন ওয়ালিদ (রা)

**D) উপরের কোনোটিই নয়। (সঠিক উত্তর)**

**75. মদিনায় পানির সমস্ত কূপ লবণাক্ত ছিল। শুধু 'রুমা' নামক একটি কূপ হতে মিষ্টি পানি পাওয়া যেত। কিন্তু তার মালিক ছিল ইয়াহুদী। কোন বিশিষ্ট সাহাবি কূপটি ক্রয় করে জনসাধারণের উদ্দেশ্যে ওয়াকাফ করে দেন?**

A) হযরত আবু বকর সিদ্দিক (রা:)।

B) হযরত উমার ফারুক (রা:)।

**C) হযরত ওসমান (রা:) (সঠিক উত্তর)**

D) হযরত আলী (রা:)

**76. অমুসলিম ব্যবসায়ীরা (জিম্মী) ইসলামী রাজ্যে পন্য আমদানি করলে তার উপর শুল্ক আরোপ করা হতো -**

A) দশ ভাগের এক ভাগ।

**B) কুড়ি ভাগের এক ভাগ। (সঠিক উত্তর)**

C) ত্রিশ ভাগের এক ভাগ।

D) চল্লিশ ভাগের এক ভাগ।

**77. ধর্মান্তর ফিতনা ও তার প্রতিরোধের সংক্ষিপ্ত বিবরণ সম্বলিত বিভিন্ন ঘটনা থেকে শিক্ষা পাওয়া যায় যে, বিরুদ্ধবাদীদের প্রাবাল্য ও দুশমনের আধিক্যে ঘাবড়ে যাওয়া মুসলমানদের জন্য উচিত নয়, মুসলমান কেবল পরাজিত হতে পারে কারন ?**

A) সংখ্যাস্বল্পতার কারণে

B) যুদ্ধ সরঞ্জামের স্বল্পতার কারণে

C) খলিফার দুর্বলতার কারণে

**D) ঈমানের দুর্বলতার কারণে (সঠিক উত্তর)**

**78. হযরত উসমান (রা.)-এর উপাধি কি দেওয়া হয়েছিল?**

A) আল-ফারুক

B) আস-সিদ্দীক

**C) জুন-নুরাইন (সঠিক উত্তর)**

D) আলি মুরতাযা

**79. বিলাসিতার নিদর্শন এবং জনগণ থেকে দূরত্ব তৈরির অভিযোগে হযরত ওমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু এক বিরাট প্রাসাদে অগ্নিসংযোগ করার নির্দেশ দেন। এই প্রাসাদ প্রসঙ্গে নিচে দুটি তথ্য দেওয়া আছে।**

**ক) প্রাসাদটি নির্মাণ করেছিলেন হযরত সায়াদ (রা:)**

**খ) প্রাসাদটি কুফা নগরে অবস্থিত।**

**প্রদত্ত তথ্য দুটির সাপেক্ষে সঠিক উত্তরটি নির্বাচন করুন**

A) শুধুমাত্র 'ক' এ বর্ণিত উক্তিটি সঠিক।

B) শুধুমাত্র 'খ' এ বর্ণিত উক্তিটি সঠিক।

**C) ক' এবং 'খ' উভয় বর্ণিত উক্তি সঠিক। (সঠিক উত্তর)**

D) কোনো উক্তিই সঠিক নয়।

**80. মদিনা চুক্তি দুইটি অংশে বিভক্ত। এই চুক্তি প্রসঙ্গে নিচে দুটি বিবরণ পেশ করা হয়েছে। সঠিক উত্তরটি নির্বাচন করুন -**

**ক) প্রথম অংশ সম্পূর্ণ মুহাজীর ও আনসারদের সহিত সংশ্লিষ্ট।**

**খ) দ্বিতীয় অংশ মদিনার ইয়াহুদীদের অধিকার ও কর্তব্য দায়িত্ব সম্পর্কিত।**

A) ক সঠিক খ ভুল।

B) খ সঠিক ক ভুল।

**C) ক এবং খ উভয় সঠিক। (সঠিক উত্তর)**

D) কোনোটিই ঠিক নয়।

**81. ওমর (রাঃ) তাবিয়া নামক সুন্দরতম যুদ্ধপদ্ধতি চালু করেন কার পরামর্শে?**

A) আলি (রাঃ)

B) মুসাবিয়া (রাঃ)

C) সাদ বিন আবী ওয়াক্কাস (রাঃ)

**D) খালিদ বিন ওয়ালিদ (রাঃ) (সঠিক উত্তর)**

**82. হযরত আবু বকর (রা:) এর খিলাফত কালে ইয়ামেনে যে বিদ্রোহ হয়েছিল তার নেতৃত্বে কে ছিলেন ?**

A) মুশাইলামা বিন হাবিব

**B) আসয়াদ আনাসি (সঠিক উত্তর)**

C) নওরিন বিন তোফায়েল

D) আহানাফ ইয়ামেনি

**83. খলীফাগণ বায়তুল মালকে কী মনে করতেন?**

A) সরকারি কোষাগার

B) জাতীয় সম্পদ

C) আমানত

**D) জাতীয় সম্পদ ও আমানত (সঠিক উত্তর)**

**84. ফুতুহুল বুলদান, গ্রন্থের লেখক কে?**

**A) আল্লামা বালাজুরি (সঠিক উত্তর)**

B) ইবনে ওয়াজীহ

C) আল্লামা শিবলী নুমানী

D) রফীক বেক মিসরী

**85. সঠিক উত্তরটি নির্বাচন করুন -**

**বিবৃতি: (ক) খৃষ্টানদের প্রসিদ্ধ গির্জা কানীসা-ই কামামা পরিদর্শন কালে সেখানে নামাজের সময় হলে রোমান জেনারেল উমার (রা:) -কে সেখানে নামাজ পড়ার উপদেশ দেন কিন্তু উমার (রা:) তা প্রত্যাখ্যান করেন।**

**কারণ: (খ) জায়গাটি অপবিত্র ছিল।**

A) (ক) এবং (খ) উভয় সত্য এবং (খ) হল (ক) এর সঠিক ব্যাখ্যা।

B) (ক) এবং (খ) উভয় সত্য কিন্তু (ক) এর সঠিক ব্যাখ্যা (খ) নয় ।

**C) (ক) সত্য কিন্তু (খ) মিথ্যা । (সঠিক উত্তর)**

D) (ক) মিথ্যা কিন্তু (খ) সত্য ।

**86. আবু দারদা (রাঃ) কোথায় কুরআন শিক্ষা দিতেন যেখানে ১৬০০ জন ছাত্র ছিল?**

**A) দামেসক শহরে (সঠিক উত্তর)**

B) বাগদাদ শহরে

C) কুফা শহরে

D) বসরা শহরের জামে মসজিদে

**87. হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) এর কন্যা উম্মুল মুমিনীন আয়েশা সিদ্দীকা (রাঃ) কার গর্ভে জন্মগ্রহন করেন-**

A) কাতীলা বিনতে আবদুল উজ্জা

B) আসমা বিনতে উমায়স (রাঃ)

C) হাবীবা বিনতে খারেজা

**D) উম্মে রুমান বিনতে আমেরকে (সঠিক উত্তর)**

**88. 'বাইয়াতের রিদওয়ান' এ অংশগ্রহণকারী সাহাবীর সংখ্যা কত ছিল?**

A) প্রায় ১৩০০ জন

B) প্রায় ১৩৫০ জন

**C) প্রায় ১৪০০ জন (সঠিক উত্তর)**

D) প্রায় ১২০০ জন

**89. 'উসামা বাহিনী' গঠনের উদ্দেশ্য কী ছিল?**

**A) মুতার যুদ্ধের প্রতিশোধ গ্রহণ (সঠিক উত্তর)**

B) রোমানদের নিকট হতে জিজিয়া আদায়

C) মুনাফিকদের দমন

D) ইহুদিদের মদিনা হতে বহিষ্কার করা।

**90. একবার একটি তৃণখণ্ড হাতে নিয়ে তিনি দুঃখ ভারাক্রান্ত কণ্ঠে বলতে লাগলেন, "হাই আমি যদি এই তৃণ খন্ডের ন্যায় দায়িত্ব মুক্ত হইতাম, হাই আমি যদি ভূমিষ্টই না হইতাম।" - তিনি কে?**

A) হযরত দেরার (রা:)

B) আবু উবাইদা ইবনুল জাররাহ্ (রা:)

C) খালিদ বিন ওয়ালিদ (রা:)

**D) হযরত উমার (রা:) (সঠিক উত্তর)**

**91. হযরত ওসমান (রা:) হতে বর্ণিত হাদিসের সংখ্যা কত?**

A) ১৩৬টি

B) ১৪১টি

**C) ১৪৬টি (সঠিক উত্তর)**

D) ১৫১টি

**92. খাতুনে জান্নাত মা ফাতেমা গর্ভে হযরত আলী (রাঃ) এর কতজন সন্তান জন্মগ্রহণ করেন?**

A) ৪ জন পুত্র সন্তান এবং ২ কন্যা সন্তান

B) ৩ জন পুত্র সন্তান এবং ৩ কন্যা সন্তান

C) ২ জন পুত্র সন্তান এবং ৩ কন্যা সন্তান

**D) ৩ পুত্র সন্তান এবং 2 কন্যা সন্তান (সঠিক উত্তর)**

**93. মদিনা শহরকে বন্যার হাত থেকে রক্ষা করার জন্য হযরত ওসমান (রা:) যে বাঁধটি নির্মাণ করেন তার নাম ছিল ?**

A) মাহবুক

**B) মাহজুর (সঠিক উত্তর)**

C) মাআরিব

D) মুফাসসাল

**94. সঠিক উত্তরটি নির্বাচন করুন-**

**বিবৃতি: (ক) হযরত ওসমান (রা:) খিলাফতের দায়িত্ব নিয়েই সাদ ইবনে আবী ওয়াক্কাসকে (রা:) কুফার শাসক নিয়োগ করেন কিন্তু দু'বছর পরে তাকে অপসারিত করেন।**

**কারণ: (খ) উচ্চ পদস্থ কর্মকর্তা সাদ ইবনে আবী ওয়াক্কাস (রা:) অন্য সাহাবীর কাছ থেকে ঋণ নিয়ে তা সময়মতো আদায় করতে পারেননি।**

**A) (ক) এবং (খ) উভয়ই সত্য, এবং(খ) হলো (ক) এর সঠিক ব্যাখ্যা। (সঠিক উত্তর)**

B) (ক) এবং (খ) উভয়ই সত্য, কিন্তু (ক) এর সঠিক ব্যাখ্যা (খ) নয় ।

C) (ক) সত্য কিন্তু (খ) মিথ্যা ।

D) (ক) মিথ্যা কিন্তু (খ) সত্য।

**95. কোন যুদ্ধে সর্বাধিক পরিমাণে হাফিজে কুরআন সাহাবী শাহাদাত বরণ করেন -**

A) তাবুকের যুদ্ধে

**B) ইয়ামামার যুদ্ধে (সঠিক উত্তর)**

C) বাহরাইনের যুদ্ধে

D) পারস্য অভিযানে

**96. তাঁর মাহাত্ম্য ও বদান্যতা এবং সচ্চরিত্রের কারণে কুরাইশদের মধ্যে তাঁকে সম্মান ও ভালোবাসার দৃষ্টিতে দেখা হত। স্ত্রীলোকেরা শিশুদের এই গান গেয়ে ঘুম পাড়াতো: "আল্লাহর শপথ, আমি তোমাকে এমনই ভালোবাসি যেমন কুরাইশরা ভালোবাসে তাকে"। উক্তিটি কার সাথে সম্পর্কিত??**

A) হযরত আবু বক্কার সিদ্দিক (রাঃ)

B) হযরত ওমর ফারুক (রা:)

**C) হযরত ওসমান গনি (রা:) (সঠিক উত্তর)**

D) হযরত আলী (রাঃ)

**97. খিলাফাতে রাশেদার আমলে বিচার বিভাগ কেমন ছিল?**

A) নির্বাহী বিভাগের অধীন

**B) সম্পূর্ণ স্বাধীন ও স্বতন্ত্র (সঠিক উত্তর)**

C) স্থানীয় নেতাদের অধীনে

D) খুব দুর্বল

**98. ইসলামী বাহিনীতে প্রত্যেক ১০ জন সৈনিকের উপর একজন প্রধান নিযুক্ত থাকতেন, যার হাতে অধীনস্থ সকল সৈনিকদের বেতন অর্পণ করা হতো। আরবি পরিভাষায় এই সামরিক প্রধানকে বলা হতো -**

A) ফকীহ

B) সাকিফ

**C) আরীফ (সঠিক উত্তর)**

D) মেজর

**99. এক বারীদ বলতে কত মাইল দূরত্বকে বোঝায়?**

A) ১১ মাইল

**B) ১২ মাইল (সঠিক উত্তর)**

C) ১৬ মাইল

D) ১৮ মাইল

**100. যুদ্ধক্ষেত্রে সেনাবাহিনি পরিচালনার সময় মোটামটি পাঁচ ভাগে ভাগ করা হত। সকলের অগ্রবর্তী বাহিনীকে বলা হত-**

A) মায়নামা

B) মায়সারা

C) কালব

**D) মুকাদ্দামা (সঠিক উত্তর)**

# ‘খিলাফাতে রাশিদাহ’

## ক্যুইজ প্রতিযোগিতা, ২০২৫

ইসলামিক ইয়ুথ ফেডারেশন- পশ্চিমবঙ্গ